



রূপগঞ্জে দস্তগীর গাজীর মুক্তির দাবিতে ছাত্রলীগের বাটিকা মিছিল



ছবি: ভিডিও থেকে নেওয়া।

নারায়ণগঞ্জের রূপগঞ্জে আওয়ামী লীগের সাবেক বস্ত্র ও পাটমন্ত্রী গোলাম দস্তগীর গাজীর মুক্তির দাবিতে বাটিকা বিক্ষোভ মিছিল করেছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগের নেতাকর্মীরা।

আজ শুক্রবার (১৫ মে) দুপুরে উপজেলার পূর্বাচল ১ নম্বর সেক্টর এলাকায় তারাবো পৌরসভার ১ নম্বর ওয়ার্ড ছাত্রলীগের সভাপতি মো. আব্দুল মামুনের নেতৃত্বে ২০ থেকে ৩০ জন নেতাকর্মী মিছিলে অংশ নেন।

এ সময় তারাবো পৌরসভার ছাত্রলীগের সদস্য দ্বীপ ভূঁইয়া, কর্মী মুন্না খান, সজীব ভূঁইয়াসহ আরও কয়েকজন উপস্থিত ছিলেন।

প্রত্যক্ষদর্শীরা জানান, মিছিল থেকে সাবেক মন্ত্রী গোলাম দস্তগীর গাজীর মুক্তির দাবিতে বিভিন্ন শ্লোগান দেওয়া হয়। মিছিলকারীরা পূর্বাচলের কয়েকটি সড়ক ঘুরে অল্প সময়ের মধ্যেই এলাকা ত্যাগ করেন।

রূপগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এইচ এম সালাউদ্দিন বলেন, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছিল। বর্তমানে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। আইনশৃঙ্খলা বিঘ্নিত করার চেষ্টা করলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।